ফাতওয়া নাম্বার:২৯৪ প্রকাশকালঃ০৬-১০-২০২২ইং

ভোটার আইডির জন্য পর্দা লঙ্ঘন করার সুযোগ আছে কি?

প্রশ্নঃ

আমাদের মা-বোনেরা পূর্ণ পর্দা করেন, তো তারা কীভাবে ভোটার আইডি কার্ড করবেন? আইডি কার্ড করতে গেলে ছবি তুলতে হয়। আর যদি আইডি কার্ড না করি তাহলে ছেলে মেয়েদের স্কুলে ভর্তি করা যাচ্ছে না। এক্ষেত্রে আমরা কী করতে পারি?

প্রশ্নকারী- ইলিয়াস

উত্তরঃ

বর্তমানে আইডি কার্ড একটি জরুরী বিষয় হয়ে পড়েছে। আইডি কার্ড না থাকলে বিভিন্ন অসুবিধায় পড়তে হয় এবং অনেক অধিকার থেকে বঞ্চিত হতে হয়। এ পরিস্থিতিতে আইডি কার্ড করার জন্য উলামায়ে কেরাম পুরুষদের মতো নারীদেরও ছবি তোলার অবকাশ দিয়েছেন। এক্ষেত্রে যতোটুকু পর্দা লঙ্ঘিত হয়, সেটা আশা করা যায় আল্লাহ তায়ালা ওজরের কারণে মাফ করে দিবেন। তবে ছবি তোলার ক্ষেত্রে যতোটুকু খুলতে বাধ্য করা হয়, শুধু ততোটুকুই খুলবে; চুল, গলা ইত্যাদি যথাসম্ভবপর ঢেকে রাখবে। -তাকমিলাতু ফাতহিল মুলহিম: ৪/১৪২; জাওয়াহিরুল ফিকহ: ৭/২৫৬-২৫৭; কিতাবুন নাওয়াযিল: ১৬/৪৮৮-৪৮৯; ফাতাওয়া কাসিমিয়্যাহ: ২৫/৫৬২-৫৬৪; ফাতাওয়া বাইয়িনাত: ৪/৪১২-৪১৫; দারুল ইফতা, জামিয়া ইসলামিয়া বিন্নুরী টাউন, ফতোয়া নং: ১৪৩৮০৯২০০০২৫

উল্লেখ্য, যদিও বিভিন্ন প্রয়োজনের কারণে আইডি কার্ড করা এবং এজন্য ছবি তোলা জায়েয, কিন্তু সেক্যুলার ও নাস্তিক্যবাদি চিন্তা-দর্শনের উপর গড়ে তোলা বর্তমান মূল ধারার শিক্ষাব্যবস্থায় পদে পদে বিভিন্ন নাজায়েয কাজের পাশাপাশি অসংখ্য কুফর শিরক ও নাস্তিকতায় লিপ্ত

হতে হয় এবং ক্ষেত্রবিশেষে ঈমান হারিয়ে মুরতাদও হয়ে যেতে হয়। সুতরাং এবিষয়ে আমাদের এখনই সতর্ক হওয়া জরুরী।

এ বিষয়ে আরও জানতে দেখুন: ফাতওয়া নং ১৪১; সহশিক্ষার হুকুম কী?

লিংক: সহশিক্ষার হুকুম কী?

ফাতওয়া নং ২৪৭, নারীদের জন্য প্রচলিত সহশিক্ষা পদ্ধতিতে মেডিক্যাল শিক্ষা গ্রহণের হুকুম কি?

লিংক: নারীদের জন্য প্রচলিত সহশিক্ষা পদ্ধতিতে মেডিক্যাল শিক্ষা গ্রহণের হুকুম কি?

والله سبحانه وتعالى أعلم

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

২৫-০৩-১৪৪৪ হি.

২২-১০-২০২২ ঈ.